# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## আমাদের গৌরবের পথচলাঃ প্রথম কার্যনির্বাহী কমিটি ও দলের যাত্রা শুরু

মানবতার সেবায় একনিষ্ঠ অঙ্গীকার নিয়ে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। যান্ত্রিক সীমাবদ্ধতার কারণে সেই ঐতিহাসিক মুহূর্তের আলোকচিত্র সংরক্ষিত না থাকলেও, আমাদের হৃদয়ে সেই সংকল্প অমলিন। রেড ক্রিসেন্টের সাতটি মূলনীতিকে পাথেয় করে আর্তমানবতার সেবায় আমাদের এই অভিযাত্রা অব্যাহত থাকবে।

### প্রথম কার্যনির্বাহী কমিটি ২৪-২৫

| পদবী | নাম | সেশন |
|---|---|---|
| দলনেতা | জাহিদুল ইসলাম ফাইম | ২০২১-২২ |
| সহঃ দলনেতা -১ | এল,কে আর ওলি | ২০২১-২২ |
| সহঃ দলনেতা-২ | সৌমিত্র ভট্টাচার্য | ২০২১-২২ |

রেড ক্রিসেন্টের ৭টি মূলনীতি রয়েছেঃ

- মানবতা,
- পক্ষপাতহীনতা,
- নিরেপেক্ষতা,
- স্বাধীনতা,
- স্বেচ্ছামূলক সেবা,
- একতা,
- সার্বজনীনতা।

**প্রতিষ্টার তারিখঃ ৪ জুলাই ২০২৪ ইং**

**প্রথম সভার স্থানঃ কনফারেন্স হল, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## সাধারন সভা ও পরিচয় পর্বঃ ২০২৪

১৫ই জুলাই ২০২৪ তারিখে প্রতিষ্ঠানের কনফারেন্স রুমে যুব রেড ক্রিসেন্ট ইউনিটের এক গুরুত্বপূর্ণ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভার মূল উদ্দেশ্য ছিল নতুন সদস্যদের সাথে পরিচয় পর্ব সম্পন্ন করা এবং আর্তমানবতার সেবায় ইউনিটের আগামী দিনের কর্মপরিকল্পনা নির্ধারণ করা। যদিও এই সভার কোনো স্থিরচিত্র সংরক্ষিত নেই, তবে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ আমাদের মানবিক কার্যক্রমের মূল ভিত্তি হিসেবে কাজ করছে।

**সভার আলোচ্যসূচীঃ**

- পরিচিতি পর্ব
- সাতটি মূলনীতি বাস্তবায়ন ও শপথ গ্রহন
- ভবিষ্যৎ পরিকল্পনা
- দায়িত্ব বন্টন

**তারিখঃ ১৫ জুলাই ২০২৪**

**সময়ঃ দুপুর ১২ ঘটিকা**

**স্থানঃ কনফারেন্স হল,সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## রেড ক্রিসেন্ট মৌলিক ও প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ




১২ ফেব্রুয়ারি ২০২৫ ও ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয় দুই দিনব্যাপী 'রেড ক্রিসেন্ট মৌলিক ও প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ' কর্মশালা। আর্তমানবতার সেবায় জরুরি অবস্থায় প্রাথমিক চিকিৎসা প্রদানের কলাকৌশল এবং রেড ক্রিসেন্ট সম্পর্কে ধারনা অর্জন করাই ছিল এই আয়োজনের মূল উদ্দেশ্য। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা তাত্ত্বিক ও হাতে-কলমে (Practical) শিক্ষার মাধ্যমে নিজেদের দক্ষ হিসেবে গড়ে তোলেন।

দুর্ঘটনায় আহত ব্যক্তিকে দ্রুত প্রাথমিক সেবা প্রদানের কৌশল শিখছেন স্বেচ্ছাসেবকগণ।





কৃত্রিম শ্বাস-প্রশ্বাস বা সিপিআর প্রদানের সঠিক নিয়ম অনুশীলন।

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট



দূর্ঘটনায় আহত ব্যক্তিকে দ্রুত বাহনের  কৌশল শিখছেন স্বেচ্ছাসেবকগণ।

সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষকের হাতে ক্রেস্ট তুলে দিচ্ছেন জনাব রিহান উদ্দিন অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।




**প্রশিক্ষনের নামঃ রেড ক্রিসেন্ট মৌলিক ও প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষন।**

**তারিখঃ ১২ ফেব্রুয়ারি হতে**
**১৩ ফেব্রুয়ারি ২০২৫**

**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**

**অংশগ্রহন কারীঃ ৩০ জন স্বেচ্ছাসেবক**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## রক্তদান কর্মসূচীঃ মুমূর্ষু রোগীর প্রাণ রক্ষায় আমাদের অঙ্গীকার











২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট এর উদ্যোগে মুজিব জাহান রেড ক্রিসেন্ট রক্ত কেন্দ্র,সিলেট এর সহযোগিতায় **''স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি'** সফলভাবে সম্পন্ন হয়। আর্তমানবতার সেবায় নিজেদের রক্ত বিলিয়ে দিলেন আমাদের স্বেচ্ছাসেবক ও সাধারণ শিক্ষার্থীরা। রক্তদাতাদের মহৎ কাজের স্বীকৃতি স্বরূপ বিশেষ উপহার প্রদান করা হয় ।

**কর্মসূচির নামঃ স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি**
**তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০২৫ ইং**
**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**
**মোট রক্তদাতাঃ ৩০+ জন**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

# জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন








দেশব্যাপী স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত **'জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন'**-এ যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর স্বেচ্ছাসেবকগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের জীবনরক্ষাকারী ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর মাধ্যমে এই কর্মসূচিতে আমাদের যুব সদস্যরা অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। শিশুদের সুস্থ ভবিষ্যৎ নিশ্চিত করাই ছিল এই কার্যক্রমের মূল লক্ষ্য।

**কর্মসূচির নামঃ জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন**

**তারিখঃ ১৫ মার্চ ২০২৫ ইং**

**স্থানঃ সিলেট সিটি কর্পোরেশন এর বিভিন্ন ওয়ার্ড**

**স্বেচ্ছাসেবকঃ ৬ জন**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উৎযাপন







২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** পক্ষ থেকে বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। কাকডাকা ভোরে **'সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারে'** পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে আমরা সেই সকল অকুতোভয় বীর সন্তানদের স্মরণ করি, যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি এই স্বাধীন মানচিত্র। তাঁদের সেই দেশপ্রেম ও ত্যাগের মহিমা আমাদের মানবিক পথচলার চিরন্তন অনুপ্রেরণা।

**অনুষ্টানের নামঃ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস**

**তারিখঃ ২৬শে মার্চ ২০২৫**

**স্থানঃ সিলেট কেন্দ্রীয় শহিদ মিনার**

**অংশগ্রহনকারিঃ সকল যুব সদস্য**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস উদযাপন এবং সেরা প্রতিষ্টানের স্বীকৃতিঃ






মানবিক সেবায় অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ৮ মে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস উপলক্ষ্যে **যুব রেড ক্রিসেন্ট ,সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট** -কে জেলা পর্যায়ে **'সেরা প্রতিষ্ঠান' (Best Institution)** হিসেবে নির্বাচিত করা হয়।

আমাদের এই গৌরবময় অর্জনের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মাননীয় ট্রেজারার **জনাব আমিনুল ইসলাম** মহোদয় যুব সদস্যদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন। এই অর্জন আমাদের সকল স্বেচ্ছাসেবকের অক্লান্ত পরিশ্রম ও ত্যাগের ফসল।এর আগে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**দিবসঃ বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস**

**তারিখঃ ৮ই মে ২০২৫ইং**

**স্থানঃ অডিটোরিয়াম, সিলেট রেড ক্রিসেন্ট মাতৃমঙ্গল হাসপাতাল।**

**অংশগ্রহন কারীঃ ২০ জন যুব সদস্য।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## প্রতিষ্ঠার এক বছর পূর্তি উদযাপন আলোচনা সভা ও রক্তদাতাদের সংবর্ধনা অনুষ্ঠান- ২০২৫










আজ আমাদের জন্য একটি অত্যন্ত গর্বের ও আনন্দের দিন। ২০২৪ সালের এই দিনে আমরা যারা মানবতার পতাকাতলে শপথ নিয়েছিলাম, তারা আজ এক বছর পূর্ণ করলাম। এই এক বছরের পথচলা ছিল দায়িত্ব, ত্যাগ আর মানবতার প্রতিচ্ছবি। ২০২৪ সালের সেই শপথ আজ আরও দৃঢ়। আমরা ব্লাড ডোনেশন, স্বাস্থ্য সচেতনতা এবং দুর্যোগকালীন সেবার মাধ্যমে আমাদের মানবিক দায়িত্ব পালনে বদ্ধপরিকর।অনুষ্ঠানের শুরুতে কেক কেটে দিনটি উদযাপন করা হয়।

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর মাননীয় ট্রেজারার **জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিট এর সহকারী পরিচালক **জনাব মোঃ মিজানুর রহমান জীবন**। এবং উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন **জনাব মোহাম্মদ রিহান উদ্দিন** অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।

## এক বছর পূর্তি উপলক্ষে রক্তদান কর্মসূচি এবং রক্তদাতাদের সংবর্ধনাঃ

যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর এক বছর পূর্তি উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়। অনুষ্ঠানে সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর রক্তদাতা ভাই-বোন দের সংবর্ধনা প্রদান করা হয়। ছবিতে স্বেচ্ছায় রক্তদান করছেনএকজন সাহসী যুব সদস্য।





## নতুন দিগন্তের সূচনা: যুব রুম উদ্বোধন

আমাদের কার্যক্রমকে আরও গতিশীল ও সুসংগঠিত করতে নতুন 'যুব রুম'-এর শুভ উদ্বোধন। এই কক্ষটি হবে আমাদের নতুন নতুন পরিকল্পনা আর মানবিক কাজের মূল কেন্দ্রবিন্দু।






**তারিখঃ ০৬ জুলাই ২০২৫ইং**
**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**
**অংশগ্রহণকারীঃ সকল যুব সদস্য এবং রক্তদাতাগণ।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় কার্যক্রমঃ

২৯ আগষ্ট ২০২৫ ইং সম্পন্ন হলো **'ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং'** ভর্তি পরীক্ষার কার্যক্রম। শিক্ষার্থীদের দিক নির্দেশনা, সহযোগিতা এবং প্রাথমিক সেবা দেওয়ার কাজ করেন **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট** এর যুব সদস্যরা।










**কার্যক্রমঃ ভর্তি পরিক্ষায় সহযোগিতা**
**তারিখঃ ২৯ আগষ্ট ২০২৫ইং**
**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**
**স্বেচ্ছাসেবকঃ ১০জন যুব সদস্য।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## যুব রুম পরিদর্শন ও সৌজন্য সাক্ষাৎ করেন জনাব মাওলানা হাবিবুর রহমান

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিটের মাননীয় ভাইস চেয়ারম্যান জনাব মাওলানা হাবিবুর রহমান মহোদয় **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** এর যুব রুম পরিদর্শন করেন। তিনি আমাদের নবনির্মিত **'যুব রুম'** ঘুরে দেখেন এবং যুব সদস্যদের সাথে এক সৌজন্য সাক্ষাত করেন। আর্তমানবতার সেবায় আমাদের সক্রিয়তা দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যৎ পথচলায় মূল্যবান দিকনির্দেশনা প্রদান করেন।







**কার্যক্রমঃ যুব রুম পরিদর্শন ও সৌজন্য সাক্ষাৎ**

**তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২৫ইং**

**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## নবীনদের পথচলায় আমরা: ভর্তি সহায়তা ও সেবা কার্যক্রম ২০২৫-২৬













১৪ সেপ্টেম্বর ২০২৫ হতে শুরু হয় সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম।ভর্তি হতে আসা নতুন শিক্ষার্থীদের সহায়তায় নিরলস কাজ করে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর স্বেচ্ছাসেবকবৃন্দ। ভর্তির প্রয়োজনীয় তথ্য প্রদান, ক্যাম্পাস পরিচিতি, সঠিক দিকনির্দেশনা এবং প্রয়োজনে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে আমরা নবীন শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছি। আর্তমানবতার সেবায় আমাদের এই ক্ষুদ্র প্রয়াস নতুন শিক্ষার্থীদের জন্য এক পলিটেকনিক জীবনের এক সুন্দর সূচনা নিশ্চিত করেছে।

**কার্যক্রমঃ নবীন শিক্ষার্থী ভর্তি সহায়তা**
**তারিখঃ ১৪ সেপ্টেম্বর ২০২৫ইং**
**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**
**স্বেচ্ছাসেবকঃ সকল যুব সদস্য।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## নবীন বরণ ও ওরিয়েন্টেশন ২০২৫-২৬: ভালোবাসায় সিক্ত নবাগত প্রাণ










১৫ই সেপ্টেম্বর ২০২৫ তারিখে সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটে ২০২৫-২৬ সেশনের নবাগত শিক্ষার্থীদের **'ওরিয়েন্টেশন ও অভিভাবক দিবস'** অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে পালিত হয়। এই বিশেষ দিনে নতুন শিক্ষার্থীদের স্বাগত জানাতে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর স্বেচ্ছাসেবকগণ সক্রিয় ভূমিকা পালন করেন। কাঁচা ফুলের স্নিগ্ধতা আর উষ্ণ অভ্যর্থনার মাধ্যমে আমরা আমাদের অনুজদের বরণ করে নিয়েছি, যা ক্যাম্পাস জীবনে তাদের প্রথম দিনটিকে স্মরণীয় করে রেখেছে।

**দিবসঃ ওরিয়েন্টেশন ও অভিভাবক দিবস**
**তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০২৫ইং**
**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**
**স্বেচ্ছাসেবকঃ ১০জন যুব সদস্য।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## Basic RCRC Movement Orientation










যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট এর সদস্যদের দক্ষ ও সচেতন করে তোলার লক্ষ্যে আয়োজন করা হয় **'Basic RCRC Movement Orientation'**। এই সেশনে রেড ক্রস ও রেড ক্রিসেন্ট আন্দোলনের ইতিহাস, সাতটি মূলনীতি এবং সেবামূলক কার্যক্রমের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। দলের একঝাঁক প্রাণবন্ত যুব সদস্য এই প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে মানবিক কাজের তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অর্জন করেন।

উক্ত সেশনে প্রশিক্ষক হিসেবে উপস্থিত থেকে মূল্যবান দিকনির্দেশনা প্রদান করেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিটের দক্ষ যুব সদস্য **'রাহিম আহমেদ রূপম'** এবং যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট এর টিম লিডার **'জাহিদুল ইসলাম ফাইম'**। তাঁদের চমৎকার উপস্থাপনা ও অভিজ্ঞতার বিনিময় সদস্যদের আগামী দিনের মানবিক পথচলাকে আরও সুসংগঠিত করবে।

**প্রশিক্ষনের নামঃ** Basic RCRC Movement Orientation
**তারিখঃ** ৯ অক্টোবর ২০২৫ইং
**স্থানঃ** সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট
**প্রশিক্ষনার্থী সংখ্যাঃ** ২০ জন

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট


## টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ ইং










**'টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন ২০২৫'**-এ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি সিলেট ইউনিট-এর নির্দেশে অত্যন্ত সক্রিয় ভূমিকা পালন করে **যুব রেড ক্রিসেন্ট , সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** এর যুব সদস্যরা। জনস্বাস্থ্য রক্ষায় এই বিশাল কর্মযজ্ঞে আমাদের স্বেচ্ছাসেবকগণ **সিলেট সিটি কর্পোরেশন** এলাকার বিভিন্ন ওয়ার্ডে বিভক্ত হয়ে টিকাদান কেন্দ্র ব্যবস্থাপনা, টিকা প্রাপ্ত শিশুর টিকা রেজিষ্টেশন, সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখা এবং সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার কাজে নিয়োজিত ছিলেন। আর্তমানবতার সেবায় আমাদের এই শ্রম টাইফয়েডমুক্ত সমাজ গড়তে সহায়ক ভূমিকা পালন করেছে।

**ক্যাম্পেইনঃ টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ইং**

**তারিখঃ**

**স্থানঃ সিলেট সিটি কর্পোরেশন এর বিভিন্ন ওয়ার্ড**

**স্বেচ্ছাসেবকঃ ২০জন যুব সদস্য**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস- ২০২৫













১৩ অক্টোবর ২০২৫ তারিখ জেলা প্রশাসন,সিলেট-এর উদ্যোগে অত্যন্ত গুরুত্বের সাথে উদযাপিত হয় **‘আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৫’**। এই দিবসের মূল প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করে **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** এর যুব সদস্যরা।দুর্যোগের ঝুঁকি হ্রাস এবং জনসচেতনতা বৃদ্ধিতে সরকারি উদ্যোগের সাথে একাত্ম হয়ে আমাদের স্বেচ্ছাসেবকগণ তাঁদের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

অনুষ্ঠানে ৩০ জন নিবেদিতপ্রাণ স্বেচ্ছাসেবকের একটি দলের নেতৃত্ব দেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সহকারী পরিচালক ও যুব রেড ক্রিসেন্ট সিলেট ইউনিটের ইউনিট লেভেল অফিসার জনাব মোঃ মিজানুর রহমান জীবন। তাঁর দিকনির্দেশনায় আমাদের সদস্যরা দুর্যোগ মোকাবিলায় নিজেদের দক্ষতা ও মানবিক সেবায় উৎসর্গ করার শপথ গ্রহণ করেন।

**দিবসঃ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৫**
**তারিখঃ ১৩ অক্টোবর ২০২৫ইং**
**স্থানঃ জেলাপ্রশাসকের কার্যালয়,সিলেট**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## নবাগত শিক্ষার্থীদের সপ্তাহব্যাপী স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম













সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম পর্বে ভর্তিকৃত এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ৪র্থ পর্বের শূন্য আসনে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য আয়োজন করা হয় স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম। মেডিকেল অফিসারের তত্ত্বাবধানে আয়োজিত এই ৭ দিনব্যাপী কার্যক্রমে অত্যন্ত নিষ্ঠার সাথে সহযোগিতা করেছে **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** এর স্বেচ্ছাসেবকগণ। শিক্ষার্থীদের উচ্চতা, ওজন, রক্তচাপ এবং সাধারণ স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করার মাধ্যমে তাদের ক্যাম্পাস জীবনের একটি সুস্থ ও সুন্দর সূচনা নিশ্চিত করা হয়েছে।

**কার্যক্রমের নাম: নবাগত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা** (Medical Check-up)

**শিক্ষাবর্ষ: ২০২৫-২৬ (১ম পর্ব) ও ২০২৩-২৪ (৪র্থ পর্বের শূন্য আসন)**

**তারিখঃ**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## সদস্য সংগ্রহ কার্যক্রম- ২০২৫













যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট দলের পরিধি বাড়াতে এবং মানবিক কাজে নতুন স্বেচ্ছাসেবক যুক্ত করার লক্ষ্যে সম্পন্ন হলো **'সদস্য সংগ্রহ কার্যক্রম-২০২৫'**। ৩০ অক্টোবর, ২০২৫ বুধবার ও ৩১ অক্টোবর, ২০২৫ বৃহস্পতিবার অত্যন্ত উৎসবমুখর পরিবেশে এই কার্যক্রম পরিচালিত হয়। রেজিস্ট্রার অফিস সংলগ্ন রেড ক্রিসেন্ট কার্যালয়ে (মেডিকেল সেন্টার) সকাল ১০.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত নবাগত ও আগ্রহী শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে সদস্য ফরম বিতরণ করা হয়। নতুনদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আমাদের ইউনিটের আগামীর পথচলাকে আরও শক্তিশালী করবে।

**কার্যক্রমের নাম: সদস্য সংগ্রহ ও ফরম বিতরণ-২০২৫**
**তারিখ: ৩০ ও ৩১ অক্টোবর ২০২৫ (বুধ ও বৃহস্পতিবার)**
**স্থান: রেড ক্রিসেন্ট অফিস (মেডিকেল সেন্টার)**
**ফরম বিতরণঃ ২৭০+ জন শিক্ষার্থী।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## T-10 ক্রিকেট লীগ ২০২৫ এ প্রাথমিক চিকিৎসা সেবা







ক্রীড়াঙ্গনের আনন্দ ও উদ্দীপনার মাঝে খেলোয়াড়দের নিরাপত্তা নিশ্চিত করতে সক্রিয় ভূমিকা পালন করে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট এর স্বেচ্ছাসেবকগণ। **'তারুণ্যের উৎসব T-10 ক্রিকেট লীগ ২০২৫'**-এর পুরো টুর্নামেন্ট জুড়ে আমাদের প্রশিক্ষিত যুব সদস্যরা প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের দায়িত্বে নিয়োজিত ছিলেন। মাঠের ছোটখাটো চোট বা শারীরিক অসুস্থতায় তাৎক্ষণিক সেবা প্রদানের মাধ্যমে আমরা খেলোয়াড়দের আত্মবিশ্বাস ও নিরাপত্তা নিশ্চিত করেছি।

**কার্যক্রমঃ T-10 ক্রিকেট টুর্নামেন্ট এ প্রাথমিক চিকিৎসা**

**তারিখঃ ৪ নভেম্বর ২০২৫ইং**

**স্থানঃ সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট খেলার মাঠ**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## নতুন স্বেচ্ছাসেবকদের সাথে নিয়ে প্রথম সাধারন সভা









সংগঠনের অভ্যন্তরীণ কাঠামো শক্তিশালী করতে এবং আগামী দিনের কর্মপরিকল্পনা নির্ধারণের লক্ষ্যে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের **'সাধারণ সভা'** সফলভাবে সম্পন্ন হয়েছে। এই বিশেষ সভায় ইউনিটের নতুন ও পুরাতন সদস্যদের এক অভূতপূর্ব মিলনমেলা ঘটে, যেখানে ১৫০ জনেরও বেশি নিবেদিতপ্রাণ স্বেচ্ছাসেবক স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। অভিজ্ঞ ও নবীনদের এই মেলবন্ধন সংগঠনের আগামীর পথচলাকে আরও সুসংগঠিত করবে।

সভায় মূল লক্ষ্য ছিল সংগঠনটিকে আরও গতিশীল, কার্যকর এবং প্রাণবন্ত করে তোলা। উপস্থিত সদস্যগণ মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন এবং আর্তমানবতার সেবায় নিজেদের দক্ষতা বৃদ্ধির নানা কৌশল নিয়ে মতামত বিনিময় করেন। ভবিষ্যতে আরও বড় পরিসরে মানবিক সেবা পৌঁছে দেওয়া এবং সদস্যদের সাংগঠনিক দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**কার্যক্রম: সাধারণ সভা**

**অংশগ্রহণকারী: ১৫০+ জন (নতুন ও পুরাতন সদস্য)**

**তারিখঃ ৫ নভেম্বর ২০২৫ইং**

**মূল লক্ষ্য: সংগঠনের গতিশীলতা ও পরিকল্পনা প্রণয়ন**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## নতুন নেতৃত্ব, নতুন প্রত্যয়: গঠিত হলো ২০২৫-২৬ মেয়াদের কার্যনির্বাহী কমিটি

যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামোকে আরও সুসংহত ও গতিশীল করার প্রত্যয়ে আত্মপ্রকাশ করল ২০২৫-২৬ মেয়াদের নতুন যুব কমিটি। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিটের সদয় অনুমোদনক্রমে গঠিত এই কমিটি আগামী মেয়াদে ইউনিটের সকল মানবিক ও সাংগঠনিক কার্যক্রমের হাল ধরবে। অভিজ্ঞ ও নবীন স্বেচ্ছাসেবকদের এক অনন্য সমন্বয়ে গঠিত এই নেতৃত্ব আর্তমানবতার সেবায় ইউনিটের দীর্ঘদিনের গৌরবোজ্জ্বল ঐতিহ্যকে নতুন উচ্চতায় নিয়ে যেতে এবং মানবিক সেবার আলোকবর্তিকা ছড়িয়ে দিতে দৃঢ়প্রতিজ্ঞ।

### উপদেষ্টা ও তদারকি মণ্ডলী

| প্রধান উপদেষ্টা | টিচার ইন-চার্জ |
|---|---|
| **মোহাম্মদ রেহান উদ্দিন**<br>অধ্যক্ষ,<br>সিলেট পলিটেকনিক ইন্সটিউটিউট | **বিমল চন্দ্র দাস**<br>ইন্সট্রাক্টর,<br>সিলেট পলিটেকনিক ইন্সটিউটিউট |

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## যুব কার্যনির্বাহী কমিটি

### দল নেতা



**হুমায়ুন আহমেদ চৌঃ নয়ন**

সেশনঃ ২২-২৩

ডিপার্টমেন্টঃ ইলেক্ট্রিক্যাল

### সহকারী দল নেতা-১



**রাজু মিয়া**

সেশনঃ ২২-২৩

ডিপার্টমেন্টঃ কম্পিউটার সাইন্স

### সহকারী দল নেতা-২



**মোঃ আব্দুর রহমান নিজাম**

সেশনঃ ২২-২৩

ডিপার্টমেন্টঃ মেকানিক্যাল

প্রিয় সকল স্বেচ্ছাসেবক সদস্য,

"আমাদের এই নতুন নেতৃত্ব আপনাদের শক্তি ও সহযোগিতার ওপর নির্ভরশীল। আসুন, আমরা সবাই মিলে একসাথে কাঁধে কাঁধ মিলিয়ে মানবিক সেবার লক্ষ্যসমূহ অর্জন করি এবং আমাদের দলকে এক অনন্য উচ্চতায় নিয়ে যাই। আপনাদের সক্রিয় অংশগ্রহণই আমাদের সফলতা।"

— আপনাদের নতুন কার্যকরী কমিটি (২০২৫-২৬)

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

সংগঠনের কাজকে আরও সুশৃঙ্খল ও গতিশীল করার লক্ষ্যে ৫ টি সাব-টিম গঠন করা হয়েছে। প্রতিটি সাব-টিম তাদের নির্দিষ্ট কর্মক্ষেত্রে মানবিক সেবা নিশ্চিত করতে দায়বদ্ধ থাকবে।এবং পরিচিতির জন্য সিলেট অঞ্চলের ৫টি নদীর নামে সেগুলো নামকরন করা হয়।

| সাব-টিম নং/নাম | পদবী | নাম | সেশন |
|---|---|---|---|
| সাব-টিম ১ সুরমা | সাব-টিম লিডার | মো কামরান হোসেন | ২২-২৩ |
| | ডেপুটি সাব-টিম লিডার-১ | মোছাঃ তাহমিনা | ২৩-২৪ |
| | ডেপুটি সাব-টিম লিডার-২ | সাজিবুল ইসলাম মাহদী | ২৪-২৫ |
| সাব-টিম ২ কুশিয়ারা | সাব-টিম লিডার | সৌরভ | ২২-২৩ |
| | ডেপুটি সাব-টিম লিডার-১ | মির্জা সীমা | ২৪-২৫ |
| | ডেপুটি সাব-টিম লিডার-২ | শওকতুল ইসলাম | ২৪-২৫ |
| সাব-টিম ৩ সারি | সাব-টিম লিডার | আহমদ রাদিফ | ২২-২৩ |
| | ডেপুটি সাব-টিম লিডার-১ | সৈয়দ আমিরুল ইসলাম | ২২-২৩ |
| | ডেপুটি সাব-টিম লিডার-২ | ইউসুফ মোহাম্মদ সাদী | ২৪-২৫ |
| সাব-টিম ৪ পিয়াইন | সাব-টিম লিডার | তানভীর আহমেদ | ২২-২৩ |
| | ডেপুটি সাব-টিম লিডার-১ | মো মাসুম পারভেজ | ২৩-২৪ |
| | ডেপুটি সাব-টিম লিডার-২ | কে এম আব্দুল্লাহ হারুন হা-মীম | ২৪-২৫ |
| সাব-টিম ৫ ধলাই | সাব-টিম লিডার | মাহিয়া আক্তার | ২৩-২৪ |
| | ডেপুটি সাব-টিম লিডার-১ | তাহসিন আহমেদ আল মুহি | ২২-২৩ |
| | ডেপুটি সাব-টিম লিডার-২ | তানভীর আহমেদ | ২৪-২৫ |

**কার্যকালঃ ২০২৫-২৬**

**তারিখঃ ১৯ নভেম্বর ২০২৫ইং**

**অনুমোদনঃ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিট**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## সাংগঠনিক গতিশীলতা ও আদর্শের পাঠশালা: সাধারণ সভা
















যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের সকল যুব সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সাধারণ সভা সফলভাবে সম্পন্ন হয়েছে। সভার মূল উদ্দেশ্য ছিল সদস্যদের মধ্যে পারস্পরিক পরিচিতি বৃদ্ধি এবং সংগঠনের ভবিষ্যৎ কার্যক্রম সম্পর্কে সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদান। আর্তমানবতার সেবায় রেড ক্রিসেন্টের মূল আদর্শকে ধারণ করে কিভাবে আরও কার্যকরভাবে কাজ করা যায়, সে বিষয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে সদস্যদের অনুপ্রাণিত করা হয়।

**কার্যক্রমঃ সাধারণ সভা**

**তারিখঃ ২ ডিসেম্বর ২০২৫ইং**

**স্থানঃ কনফারেন্স হল,সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট**

**অংশগ্রহণ কারীঃ সকল যুব সদস্য।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## জেন্ডার মেইনস্ট্রিমিং ফোরাম কর্মশালা

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠানসমূহে নারীদের সুযোগ ও অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে গতকাল **সিলেট প্যারাডাইস ইন**-এ **'Workshop on the Formation of Gender Mainstreaming Forum in TVET Institution'** অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সমান অধিকার, নিরাপদ কর্মপরিবেশ এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় নারীর সক্রিয় ভূমিকা নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। একটি সহনশীল ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে এই ধরনের উদ্যোগ অত্যন্ত সময়োপযোগী ও অনুপ্রেরণাদায়ক। এতে সক্রিয় ভাবে অংশগ্রহন করে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর যুব সদস্য।







**অনুষ্ঠানের নামঃ জেন্ডার মেইনস্ট্রিমিং ফোরাম কর্মশালা**
**তারিখঃ ৪ ডিসেম্বর ২০২৫ইং**
**স্থানঃ সিলেট প্যারাডাইস ইন (হোটেল)**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস- ২০২৫: আর্তমানবতায় আমরা সর্বত্র













মানবিক সেবার স্বীকৃতি ও স্বেচ্ছাসেবকদের উজ্জীবিত করার লক্ষ্যে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিট কর্তৃক উদযাপিত হলো **'আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস-২০২৫'**। এবারের প্রতিপাদ্য 'আর্তমানবতায় সর্বত্র'-কে হৃদয়ে ধারণ করে রেড ক্রিসেন্ট সিলেট ইউনিটের উদ্যোগে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের একঝাঁক নিবেদিতপ্রাণ সদস্য। আর্তমানবতার কল্যাণে নিজেদের উৎসর্গ করার শপথকে পুনর্ব্যক্ত করাই ছিল এই দিবসের মূল উদ্দেশ্য।

**কার্যক্রমঃ আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস-২০২৫**
**তারিখঃ ৫ ডিসেম্বর ২০২৫ইং**
**স্থানঃ সারদা হল, তোপখানা, সিলেট**
**অংশগ্রহণ কারীঃ সকল যুব সদস্য।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## বিজয়ের চেতনায় উদ্ভাসিত আমরা: মহান বিজয় দিবস ২০২৫














১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে **বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিটের** উদ্যোগে বিনম্র শ্রদ্ধা ও যথাযথ মর্যাদায় দিনটি উদযাপিত হয়েছে। দিবসের শুরুতে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ, এরপর এক বর্ণাঢ্য বিজয় র‍্যালি এবং আর্তমানবতার সেবায় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। এই সকল কর্মসূচিতে **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** এর যুব সদস্যরা অত্যন্ত সক্রিয়ভাবে অংশগ্রহণ করে দেশপ্রেম ও মানবিক সেবার এক অনন্য নজির স্থাপন করেছে।

**দিবসের নাম: মহান বিজয় দিবস**
**আয়োজনে: বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিট**
**অংশগ্রহণে: যুব সদস্যবৃন্দ, সিলেট পলিটেকনিক ইউনিট এর যুব সদস্য।**
**কর্মসূচি: শ্রদ্ধাঞ্জলি, বিজয় র‍্যালি ও রক্তদান কর্মসূচি।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## অগ্নি নির্বাপণে সম্মুখসারিতে: জরুরি মানবিক সাড়া প্রদান










গত ২৯ জানুয়ারি, বৃহস্পতিবার বিকেল ৪:২০ মিনিটে সিলেট টেকনিক্যাল রোডের একটি গুদামে আকস্মিক অগ্নিকাণ্ড ঘটে। আগুনের খবর পাওয়ামাত্রই **ফায়ার সার্ভিসের তালতলা ও দক্ষিণ সুরমা** স্টেশনের দুটি ইউনিটের পাশাপাশি দ্রুত ঘটনাস্থলে পৌঁছান **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের** সদস্যরা। ফায়ার সার্ভিস কর্মীদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে আমাদের স্বেচ্ছাসেবকগণ অগ্নিকাণ্ড নিয়ন্ত্রণে আনতে এবং জানমাল রক্ষায় নিরলসভাবে কাজ করেন। দীর্ঘ ৩ ঘণ্টার সম্মিলিত ও সাহসী প্রচেষ্টায় অবশেষে আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

**কার্যক্রমঃ অগ্নিনির্বাপন**
**তারিখঃ ২৯ জানুয়ারি ২০২৬ইং**
**স্থানঃ সিলেট টেকনিক্যাল রোডের একটি গুদাম।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## শুভেচ্ছা ও সংবর্ধনাঃ নতুন নেতৃত্বের আগমনে আমরা আনন্দিত

### নবনিযুক্ত চেয়ারম্যান জনাব আবুল কাহের চৌধুরী শামীম মহোদয়কে বরণ










বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিটের নবনিযুক্ত চেয়ারম্যান **জনাব আবুল কাহের চৌধুরী শামীম** মহোদয়কে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে সংবর্ধনা প্রদান করা হয়েছে। সিলেট ইউনিটের কার্যনির্বাহী কমিটি, যুব কার্যকরী কমিটি এবং সাধারণ যুব সদস্যদের পক্ষ থেকে এই সংবর্ধনার আয়োজন করা হয়। উক্ত আনন্দঘন অনুষ্ঠানে যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটের যুব সদস্যরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন এবং নতুন চেয়ারম্যান মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান। তাঁর যোগ্য নেতৃত্বে সিলেট ইউনিটের মানবিক কার্যক্রম আরও বেগবান হবে—এই প্রত্যাশা আমাদের সকলের।"

**অনুষ্ঠান: শুভেচ্ছা ও সংবর্ধনা**
**প্রধান অতিথি: জনাব আবুল কাহের চৌধুরী শামীম (চেয়ারম্যান,বিডিআরসিএস সিলেট ইউনিট)**
**আয়োজনে: বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিট**
**অংশগ্রহণে: যুব সদস্যবৃন্দ,যুব রেড ক্রিসেন্ট সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## দক্ষতা ও উদ্ভাবনের মঞ্চে মানবিক সেবা













১৭ এপ্রিল ২০২৬ ইং তারিখ সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটে ASSET-এর উদ্যোগে আয়োজিত 'Regional Skills and Innovation Competition'-এ আগত প্রতিযোগীদের নিরাপত্তা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করেছে **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের** প্রশিক্ষিত সদস্যবৃন্দ। পুরো অনুষ্ঠান জুড়ে আমাদের স্বেচ্ছাসেবকগণ **ফার্স্ট এইড বুথ** পরিচালনার মাধ্যমে যেকোনো শারীরিক অসুস্থতা বা জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক সেবা প্রদান করেছেন। মানবতার সেবায় আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা প্রতিযোগিতার পরিবেশকে আরও নিরাপদ ও উৎসবমুখর করে তুলেছে।

অনুষ্ঠান চলাকালীন **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স**-এর প্রতিনিধি দল আমাদের ফার্স্ট এইড বুথ পরিদর্শন করেন। তাঁরা আমাদের সদস্যদের অগ্নি নিরাপত্তা ও জরুরি পরিস্থিতি মোকাবিলায় কার্যকর দিকনির্দেশনা প্রদান করেন, যা আমাদের স্বেচ্ছাসেবকদের দক্ষতা ও মানসিক প্রস্তুতিকে আরও সুদৃঢ় করেছে।

উক্ত অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **জনাব আরিফুল হক চৌধুরী, এমপি** ,মাননীয় মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **জনাব মো. দাউদ মিয়া** সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং সভাপতির দায়িত্ব পালন করেন জনাব **খান মো. রেজা-উন-নবী**, বিভাগীয় কমিশনার, সিলেট।

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২৬ এর প্রস্তুতি সভা ও প্রশিক্ষন

২০ এপ্রিল ২০২৬ থেকে দেশব্যাপী শুরু হতে যাওয়া **'হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২৬'** সফল করার লক্ষ্যে ১৮ এপ্রিল ২০২৬ তারিখে **সিলেট সিটি কর্পোরেশনের** সভাকক্ষে এক গুরুত্বপূর্ণ ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়। সিলেট সিটি কর্পোরেশনের উদ্যোগে আয়োজিত এই সভায় প্রধান স্বাস্থ্য কর্মকর্তার উপস্থিতিতে ক্যাম্পেইনের মূল পরিকল্পনা ও মাঠপর্যায়ের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সচেতনতা, সুরক্ষা ও সবার জন্য সুস্থ ভবিষ্যৎ গড়ার প্রত্যয়ে আমাদের স্বেচ্ছাসেবকগণ এই মহৎ উদ্যোগে নিজেদের সম্পৃক্ত করেছেন। উক্ত ওরিয়েন্টেশন কর্মসূচিতে অত্যন্ত সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন **যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের** নিবেদিতপ্রাণ সদস্যবৃন্দ।





**ক্যাম্পেইন: হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন প্রস্তুতি সভা**
**ওরিয়েন্টেশনের তারিখ: ১৮ এপ্রিল ২০২৬ ইং**
**স্থান: সভাকক্ষ, সিলেট সিটি কর্পোরেশন**
**অংশগ্রহণে: যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

## কমিউনিটি পর্যায়ে হাম- রুবেলা (MR) টিকাদান কর্মসূচি
















দেশের ভবিষ্যৎ প্রজন্মকে হাম ও রুবেলার মতো মারাত্মক রোগ থেকে সুরক্ষিত রাখতে সরকার দেশব্যাপী টিকাদান কর্মসূচি পরিচালনা করছে। এই মহৎ উদ্যোগের অংশ হিসেবে **বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট ইউনিটের** প্রত্যক্ষ নির্দেশনায় **যুব রেড ক্রিসেন্ট সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট** এর একদল নিবেদিতপ্রাণ যুব সদস্য মাঠ পর্যায়ে সক্রিয়ভাবে কাজ করছেন।

**সিলেট সিটি কর্পোরেশনের** বিভিন্ন ওয়ার্ড এর প্রতিটি পাড়া ও মহল্লায় গিয়ে অভিভাবকদের টিকার গুরুত্ব সম্পর্কে জানানো এবং অমূলক ভয় দূর করতে সচেতনতামূলক আলোচনা,স্থানীয় টিকাদান কেন্দ্রগুলোতে শিশুদের শৃঙ্খলা বজায় রাখা, শিশুদের বয়স ও অন্যান্য তথ্য সংগ্রহের মাধ্যমে স্বাস্থ্যকর্মীদের নির্ভুলভাবে ডাটা এন্ট্রিতে সহযোগিতা প্রদান করা সহ টিকাদান কর্মসূচিতে সরকারকে বিভিন্ন ভাবে সহযোগিতা করছেন।

**ক্যাম্পেইন: কমিউনিটি পর্যায়ে হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন**

**তারিখ: ২০ এপ্রিল ২০২৬ ইং হতে ২৯ এপ্রিল ২০২৬ইং**

**স্থান: সিলেট সিটি কর্পোরেশন এর বিভিন্ন ওয়ার্ড**

**অংশগ্রহণে: যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট।**

# যুব রেড ক্রিসেন্ট, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট